

# কোটা নিয়ে মন্তব্য আদালত অবমাননা

মহিবুল হাসান চৌধুরী, শিক্ষামন্ত্রী

নিজস্ব প্রতিবেদক

০৮ জুলাই ২০২৪, ১২:০০ এএম



শিক্ষার্থী ও চাকরিপ্রত্যাশীদের চলমান কোটাবিরোধী আন্দোলনের বিষয়ে শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী বলেছেন, সর্বোচ্চ আদালতে বিচারাধীন এবং সেটার সমাধান না হওয়ার আগেই হঠাৎ করে আমি রাস্তায় নেমে আসলাম। আস্তাঘাট সব ব্লক করে দিলাম। স্বাভাবিকভাবেই ~~UNNET~~ প্রশ্ন থাকতে পারে এর পেছনে কোনো গভীর ষড়যন্ত্র আছে কিনা। বিষয়টি যেহেতু আদালত অবমাননার শামিল।

Advertisement: 3:00

গতকাল রবিবার ঢাকা রিপোর্টার্স ইউনিটি (ডিআরইউ) আয়োজিত ‘এসএসসি-এইচএসসি ও সমমান পরীক্ষায় উত্তীর্ণ মেধাবী শিক্ষার্থীদের সংবর্ধনা ও বৃত্তি প্রদান’ অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে ডিআরইউর সদস্যদের মধ্যে যাদের সন্তান ২০২৩ ও ২০২৪ সালে এসএসসি এবং

২০২৩ সালে এইচএসসি ও সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন, তাদের সংবর্ধনা ও বৃত্তি দেওয়া হয়।

কোটা আন্দোলনে শিক্ষার্থীরা একের পর এক কর্মসূচি দিচ্ছেন, সমাধানের পথ কোথায়; এই আন্দোলন যৌক্তিক কিনা- এমন প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, স্থিতিশীলতাকে বিনষ্ট করার জন্য অনেকেই অনেকভাবে অনেক জায়গায় উসকানি দেয়। তিনি আরও বলেন, বাংলাদেশের নাগরিক যে কেউ রাস্তায় দাঁড়িয়ে মন্তব্য করতে পারেন। কিন্তু দায়িত্বশীল জায়গায় থেকে আদালতের জন্য অবমাননাকর কোনো বক্তব্য দেওয়া আমার পক্ষে অবশ্যই সম্ভব নয়।

ডিআরইউর সভাপতি সৈয়দ শুকুর আলী শুভর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাউথ বাংলা এগ্রিকালচার অ্যান্ড কমার্স (এসবিএসি) ব্যাংকের চেয়ারম্যান ও সংসদ সদস্য এজেডএম সফিউদ্দিন শামীম। সংগঠনের কল্যাণ সম্পাদক তানভীর আহমেদের সঞ্চালনায় এতে স্বাগত বক্তব্য দেন সংগঠনের সাধারণ সম্পাদক মহিউদ্দিন।

UNIBOTS

Advertisement: 3:00